



প্রতিরক্ষা মন্ত্রণালয় ও সশস্ত্র বাহিনী বিভাগ এর নিয়ন্ত্রণাধীন  
বাংলাদেশ সেনা, নৌ, বিমান ও আন্তঃবাহিনীসহ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের  
হিসাব সম্পর্কিত

বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর  
২০০৪-২০০৫ অর্থ বছরের বার্ষিক নিরীক্ষা প্রতিবেদন

১ম খন্ড

প্রতিরক্ষা মন্ত্রণালয় ও সশস্ত্র বাহিনী বিভাগ এর নিয়ন্ত্রণাধীন  
বাংলাদেশ সেনা, নৌ, বিমান ও আন্তঃবাহিনীসহ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের  
হিসাব সম্পর্কিত

বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর  
২০০৪-২০০৫ অর্থ বছরের বার্ষিক নিরীক্ষা প্রতিবেদন

১ম খন্ড

---

{ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩২ অনুচ্ছেদ অনুসারে মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশকৃত }

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১২৮(১) ও ১২৮(২) এবং কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (এ্যাডিশনাল ফাংশন) এ্যাক্ট, ১৯৭৪ এর ধারা ৫(২) অনুযায়ী মহাপরিচালক প্রতিরক্ষা অডিট অধিদপ্তর কর্তৃক প্রণীত এই অডিট রিপোর্ট জাতীয় সংসদে উপস্থাপনের লক্ষ্যে সংবিধানের অনুচ্ছেদ ১৩২ অনুযায়ী মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশ করা হলো।

.....বঙ্গাব্দ  
তারিখঃ ২১.০১.১৪১৫  
০৪.০৫.২০০৮  
.....খ্রিষ্টাব্দ

**স্বাক্ষরিত**  
আহমেদ আতাউল হাকিম  
কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল  
বাংলাদেশ

## মহাপরিচালকের মন্তব্য

প্রতিরক্ষা মন্ত্রণালয় ও সশস্ত্র বাহিনী বিভাগের নিয়ন্ত্রণাধীন বাংলাদেশ সেনা, নৌ, বিমান ও আন্তঃবাহিনীসহ সংশ্লিষ্ট প্রতিষ্ঠান সমূহ কর্তৃক সম্পাদিত কাজের রেকর্ডপত্র পর্যালোচনা পূর্বক ক্ষয়-ক্ষতির পরিমাণ ও অনিয়মসমূহ সরকারের নজরে আনয়ন করাই এ নিরীক্ষার মূল উদ্দেশ্য ছিল। প্রতিবেদনটি পর্যালোচনায় দেখা যায় যে, দুর্বল অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা, হিসাব রক্ষণে অনিয়ম, অতিরিক্ত ব্যয়ের প্রবণতা, চুক্তি সম্পাদনে অনিয়ম, রাজস্ব আয় নির্ধারিত খাতে জমা না করা, অর্থ আদায়/কর্তন সংক্রান্ত দায়িত্ব পালনে ব্যর্থতা, বিধি বিধান প্রতিপালনে অদক্ষতা ইত্যাদি কারণে অনিয়মসমূহ সংঘটিত হয়েছে। সার্বিক বিবেচনায় প্রতিরক্ষা সার্ভিসেসের বিভিন্ন ইউনিট ফরমেশন এবং প্রতিষ্ঠানসমূহে সরকারি বিধি বিধান প্রতিপালনে উর্ধ্বতন কর্তৃপক্ষের আরও নিবিড় তদারকি প্রয়োজন।

ঢাকা  
তারিখ: ০৯.১২.১৪১৪  
২৩.০৩.২০০৮

বঙ্গাব্দ  
খ্রিষ্টাব্দ

স্বাক্ষরিত  
(নূরুল নাহার)  
মহাপরিচালক  
প্রতিরক্ষা অডিট অধিদপ্তর

## নিরীক্ষা বিষয়ক তথ্য

নিরীক্ষিত প্রতিষ্ঠান: সেনা, নৌ, বিমান ও আন্তঃবাহিনীর বিভিন্ন ইউনিট সমূহ।

নিরীক্ষার প্রকৃতি: আর্থিক ও পরিপালন নিরীক্ষা।  
(Financial & Compliance Audit)

নিরীক্ষার বৎসর: ২০০৪-২০০৫।

নিরীক্ষা কৌশল: নমুনা সংগ্রহের মাধ্যমে স্থানীয় যাচাই (Local Audit by Sampling)।

নিরীক্ষা দল সংখ্যা: ১৭টি।

## অডিট ফাইন্ডিংস এর সার-সংক্ষেপ

অনুচ্ছেদ নং	আপত্তির শিরোনাম	জড়িত টাকা
১	২	৩
	<b>সামরিক প্রকৌশলী</b>	
১	পারিবারিক বাসস্থানে অবস্থানরত সামরিক/বেসামরিক কর্মকর্তা/ কর্মচারীগণের নিকট হতে বিদ্যুৎ বিল কম হারে আদায় করায় রাজস্ব ক্ষতি ।	৯৪,১৫,৮৪৬
২	আসবাবপত্র উৎপাদক ও বিপণনকারী প্রতিষ্ঠান হতে ভ্যাট কম আদায় করায় সরকারের ক্ষতি ।	২৪,৪৫,২৫৫
৩	ঝুঁকি ক্রয়ে( Risk Purchase) অতিরিক্ত ব্যয়িত অর্থ ব্যর্থ ঠিকাদারের নিকট হতে আদায় না করতে পারায় ক্ষতি ।	১২,৯৪,৫৭৫
৪	সামরিক কর্মকর্তাদের বাসস্থানে ব্যক্তিগত এসি'র বিদ্যুৎ বিল কম হারে আদায়ে ক্ষতি ।	২,১৬,২৮২
	<b>বাংলাদেশ সেনা বাহিনী</b>	
৫	নিলামে অংশ গ্রহণকারী ঠিকাদারদের নিকট হতে ভ্যাট আদায় না করায় ক্ষতি ।	১,১৩,৩৮২
	<b>বাংলাদেশ আন্তঃ বাহিনী</b>	
৬	আয়কর অবকাশ সুবিধাপ্রাপ্ত প্রতিষ্ঠানের দাখিলকৃত উচ্চ রেটের উপর (আয়করসহ দর) ৪৭,৮২,৪৯,৭৬৬ টাকার অনিয়মিত চুক্তি স্বাক্ষর করায় সরকারের ক্ষতি ।	১,৯১,২৯,৯৯০
৭	রাজস্ব বাবদ আদায়কৃত অর্থ সরকারি কোষাগারে জমা না করায় ক্ষতি ।	৮,৩৭,৫৭১
৮	ঠিকাদারগণকে প্রাপ্যের অতিরিক্ত টাকা প্রদান করায় সরকারের ক্ষতি ।	৩,৫২,০৩০
৯	Meningitis Vaccine এর মূল্য প্রাপ্যের অতিরিক্ত দরে পরিশোধ করায় সরকারের ক্ষতি ।	৩,৩২,০০০
১০	বাণিজ্যিক দোকানসমূহের ইজারা বাবদ বকেয়া আদায় না করায় ক্ষতি ।	৩,১২,৭২৫
১১	লাইফ জ্যাকেটকে ভ্যাটমুক্ত ঘোষণা দিয়ে চুক্তি সম্পাদন পূর্বক ক্রয় করায় ক্ষতি ।	১,৭৫,৯৭২
১২	টেন্ডার সিডিউল বিক্রয় লব্ধ অর্থ সরকারি কোষাগারে জমা না করায় ক্ষতি ।	১,২৪,৩২০
১৩	ক্যান্টিন ঠিকাদারের নিকট হতে ঘর ভাড়া বাবদ প্রাপ্ত সমুদয় টাকা সরকারি কোষাগারে জমা করা হয়নি ।	৯০,০০০
	সর্বমোট=	৩,৪৮,৩৯,৯৪৮

## অনিয়ম ও ক্ষতি সমূহের কারণ

- √ বিধি-বিধান অনুসরণ না করা।
- √ অর্থ মন্ত্রণালয়, সংস্থাপন মন্ত্রণালয় ও প্রতিরক্ষা মন্ত্রণালয় সহ সেনা, নৌ ও বিমান বাহিনী সদর দপ্তর কর্তৃক জারিকৃত বিভিন্ন আদেশ, নিয়ম, বিধি প্রতিপালনে ব্যর্থতা।
- √ চুক্তি সম্পাদনে অনিয়ম।
- √ আদায়কৃত রাজস্ব সরকারি কোষাগারে জমা না করা।
- √ সরকারি সম্পত্তির লীজ/ভাড়া/খাজনা কম হারে আদায়।
- √ সরকারের প্রাপ্য রাজস্ব কম হারে আদায় করা।

## ম্যানেজমেন্ট ইস্যু

- √ দুর্বল অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা।
- √ হিসাব রক্ষণে অনিয়ম।
- √ অর্থ আদায়/কর্তন সংক্রান্ত দায়িত্ব পালনে ব্যর্থতা।
- √ বিধি বিধান প্রতিপালনে অদক্ষতা।



## সুপারিশ

- √ প্রতিবেদনে অন্তর্ভুক্ত সকল অনিয়মের দায়দায়িত্ব নির্ধারণ পূর্বক আপত্তিকৃত টাকা আদায়।
- √ অডিট আপত্তি নিরসনে উর্ধ্বতন কর্তৃপক্ষের হস্তক্ষেপ।
- √ আর্থিক ও প্রশাসনিক বিধি বিধান কঠোরভাবে প্রতিপালন।
- √ নিজস্ব অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থার দুর্বলতাসমূহ চিহ্নিতকরণপূর্বক তা উন্নয়নকল্পে পদক্ষেপ গ্রহণ।